# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin
**Date: 16.12.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) ‘এক দেশ এক ভোট’ সংক্রান্ত দুটি বিল আজ লোকসভায় পেশ করা হবে।

২) সংবিধান নিয়ে দু-দিনের বিশেষ আলোচনা, আজ রাজ্যসভায় শুরু হচ্ছে।

৩) আন্তঃদেশীয় জলপথগুলিতে পণ্য পরিবহন আরো বাড়াতে কেন্দ্রীয় সরকার, ‘জল বাহক’ প্রকল্পের সূচনা করেছে।

৪) আজ বিজয় দিবস। ১৯৭১-এ পাক বাহিনীকে পর্যুদস্ত করার স্মরণে যথোচিত মর্যাদায় দিনটি পালিত হচ্ছে।

৫/ বাংলা, মহিলাদের অনূর্ধ্ব-১৫ একদিনের ক্রিকেটের ফাইনালে উঠেছে।

*********************************************************************

'এক দেশ এক ভোট' সংক্রান্ত দুটি বিল আজ লোকসভায় পেশ করা হবে। কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল সংবিধানের ১২৯ তম সংশোধনীর জন্য ‘দ্য কনস্টিটিউশন বিল’ এবং ‘দ্য ইউনিয়ন টেরিটোরিজ ল'জ সংশোধনী বিল লোকসভায়

উত্থাপন করবেন। সম্প্রতি এক দেশ এক ভোট ব্যবস্থা চালু করার জন্য গঠিত উচ্চ পর্যায়ের কমিটি সরকারের কাছে সুপারিশ জমা দিয়েছে। প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের নেতৃত্বে উচ্চ পর্যায়ের কমিটি তৈরি করেছিল সরকার। এই কমিটি সব রাজনৈতিক দল বিশেষজ্ঞ সহ সংশ্লিষ্ট স্বপক্ষের সঙ্গে আলোচনা ও তাদের মতামত গ্রহণ করেছে। এটি দুটি পর্যায়ে রূপায়িত হবে। প্রথম পর্যায়ে লোকসভা এবং সব রাজ্যের বিধানসভার ভোট একসঙ্গে হবে।

অন্যদিকে সাধারণ নির্বাচনের ১০০ দিনের মধ্যে পঞ্চায়েত এবং পুরসভাগুলির ভোটও একসঙ্গে হবে।

'এক দেশ এক ভোট'– যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার অন্তরায় নয় বলেই মনে করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। গতকাল নতুন দিল্লীর একটি টিভি চ্যানেলের অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন লোকসভা এবং বিধানসভা নির্বাচন একসঙ্গে করানো নতুন কিছু নয়। ইতোমধ্যেই তিনবার একসঙ্গে লোকসভা ও রাজ্য বিধানসভার ভোট হয়েছে। ১৯৫২ সালে এভাবেই ভোটগ্রহন করা হয়। ১৯৫৭ সালে আলাদা ভাবে ভোট গ্রহণ করার কথা থাকলেও আটটি রাজ্যের বিধানসভা ভেঙ্গে দিয়ে একসঙ্গে ভোটগ্রহন করা হয়েছিলো। এরপরও একবার একসঙ্গে নির্বাচন হয়েছে।

*************************

দেশে সংবিধান গৃহীত হওয়ার ৭৫ বছর উপলক্ষে রাজ্যসভায় সংবিধান নিয়ে দুই দিনের বিশেষ আলোচনা আজ শুরু হচ্ছে। গত শুক্র ও শনিবার লোকসভায় একই ধরনের আলোচনা হয়েছিল। প্রধানমন্ত্রী, আগামীকাল রাজ্যসভায় আলোচনার জবাব দেওয়ার জন্য উপস্থিত থাকবেন বলে মনে করা হচ্ছে।

১৯৪৯ সালের ২৬শে নভেম্বর ভারতীয় সংবিধানসভা আনুষ্ঠানিকভাবে সংবিধান গ্রহণ করে, যা ১৯৫০ সালের ২৬ জানুয়ারি কার্যকর হয়। ২০১৫ সালে, মোদি সরকার ভারতের সংবিধান গ্রহণের সম্মানে ২৬ নভেম্বর দিনটিকে সংবিধান দিবস হিসাবে আনুষ্ঠানিকভাবে ঘোষণা করে।

*************************

রাজ্যগুলির সঙ্গে অংশীদারিত্বে দেশের বিকাশের লক্ষ্যে একটি অভিন্ন উন্নয়ন কর্মসূচী রূপায়ন ও সহযোগিতামূলক যুক্তরাষ্ট্রীয়তার নীতিকে আরও জোরদার করার বার্তা দিয়ে রাজ্যগুলির মুখ্যসচিবদের জাতীয় সম্মেলন গতকাল শেষ হয়েছে।

তিনদিনের এই সম্মেলনের সমাপ্তি অধিবেশনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই বিষয়গুলি নিয়ে মুখ্যসচিবদের উদ্দেশে ভাষণ দেন। দেশের অর্থনীতির দ্রুত বৃদ্ধি এবং বিকাশ সুনিশ্চিত করতে এই সম্মেলনে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের মধ্যে আরও বেশি সমন্বয়ের ওপর জোর দেওয়া হয়। সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যসচিব ও প্রশাসনিক বিশেষজ্ঞরা এই সম্মেলনে অংশ নেন।

*************************

দেশের আন্তঃদেশীয় জলপথগুলিতে পণ্য পরিবহনের কাজ আরও বৃদ্ধি করার লক্ষ্যে কেন্দ্রীয় সরকার 'জলবাহক' প্রকল্পের সূচনা করেছে। কলকাতার গার্ডেনরিচে এক অনুষ্ঠানে গতকাল কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ দপ্তরের মন্ত্রী শ্রী সর্বানন্দ সোনোওয়াল তিনটি জাতীয় জলপথে দীর্ঘমেয়াদী ভিত্তিতে পণ্য পরিবহনকে উৎসাহিত করতে এই প্রকল্পের সূচনা করেন। তিনি কলকাতার গার্ডেনরিচ জেটি থেকে তিনটি পণ্যবাহী জাহাজ MVAAI, MV হোমি ভাবা এবং এমভি ত্রিশূলের যাত্রা সূচনা করেন। এই পণ্যবাহী জাহাজ পরিষেবা হলদিয়া থেকে এক ও দু নম্বর জলপথের মাধ্যমে নির্দিষ্ট দূরত্বে চলাচল করবে। এছাড়া কলকাতা, পাটনা ও বারানসীর মধ্যে এবং কলকাতা থেকে গুয়াহাটির পান্ডু পর্যন্ত ভারত-বাংলাদেশ প্রোটোকল রুট হয়ে চলাচল করবে। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সর্বানন্দ সোনোওয়াল বলেন, আমাদের দেশে আন্তঃদেশীয় জলপথগুলির সম্ভাবনা সর্বাধিক ব্যবহার করতে কেন্দ্রীয় সরকার উদ্যোগ গ্রহণ করেছে। তিনি জলপথের মাধ্যমে পণ্য পরিবহনকে পরিবেশ বান্ধব ও সুবিধাজনক বলে মন্তব্য করেন।

( বাইট-সোনোওয়াল )

অনুষ্ঠানে কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ দপ্তরের প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর এবং দপ্তরের সচিব সহ বরিষ্ঠ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

*************************

বাংলাদেশের সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণ প্রভুকে গ্রেপ্তারের প্রতিবাদে গতকাল আন্দুল খটির গির্জাতলা থেকে 'হিন্দু বাঙালি সুরক্ষা সমিতি' সংগঠনের পক্ষ থেকে বিক্ষোভ ও প্রতিবাদ পদযাত্রার আয়োজন করা হয়। বিকাল ৪ টে থেকে এই মিছিলে শুরু হয় শেষ হয় আন্দুল পেট্রোল পাম্প এর কাছে। সেখানে কিছুক্ষণ রাস্তায় বসে প্রতিবাদ দেখান সংগঠনের সদস্যরা।

*************************

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেন, যে কোন রাষ্ট্রের দায়িত্ব সে দেশের সংখ্যালঘুদের রক্ষা করা ও নিরাপত্তা দেওয়া। বাংলাদেশের সরকারের সেই দায়িত্ব পালন করা উচিত। অধীরবাবু বলেন, বাংলাদেশে যেভাবে মৌলবাদী শক্তি সাম্প্রদায়িকতা ধরে রাখার চেষ্টা চালাচ্ছে সেই মৌলবাদকে রোখার দায়িত্ব দেশের অন্তর্বর্তী  সরকারকেই নিতে হবে।

( বাইট- অধীর )

কংগ্রেসের একটি প্রতিনিধি দল গতকাল রাজ্যপাল সি ভি আনন্দ বোসের সঙ্গে সাক্ষাৎ করে তাঁর হাতে সামারকলিপি তুলে দেন। ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, প্রবীন নেতা প্রদীপ ভট্টাচার্য প্রমুখ। স্মারকলিপিতে বাংলাদেশের সংখ্যলঘু হিন্দুদের নিরাপত্তা দিতে ভারত সরকারকে কূটনৈতিক দৌত্য চালিয়ে যাবার দাবি জানানো হয়েছে।

*************************

বাংলার সংস্কৃতিকে রক্ষা করতে বাঙালি হিন্দুদের জাগ্রত হতে হবে বলে বিজেপি দাবি করেছে। 'রাজ্য ও দেশে সংখ্যালঘু মুসলিমরা একদিন সংখ্যাগরিষ্ঠতে পরিণত হবে' বলে রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিমের কথিত মন্তব্য প্রসঙ্গে গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, এই বক্তব্য শুধুমাত্র ফিরহাদ হাকিমের নয়। তৃণমূল কংগ্রেসের সংখ্যালঘু সব বিধায়ক ও সাংসদরা এবং এরাজ্যে বসবাসকারী বহু সংখ্যালঘু মুসলিম এই আশা করে থাকে।

এদিকে, বাংলাদেশে হিন্দু নিপীড়ন ও সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণের মুক্তির দাবিতে বাঙালী হিন্দু সুরক্ষা সমিতি আজ কলকাতার রাণী রাসমণি রোডে সমাবেশের ডাক দিয়েছে।

**************************

আর.জি.করে নিহত তরুণী চিকিৎসকের ন্যায় বিচারের দাবিতে উত্তর ২৪ পরগনার পানিহাটি নাগরিক সমাজের পক্ষ থেকে গতকাল নির্যাতিতার বাড়ির সামনে থেকে মিছিল বের করা হয়। তাতে অংশ নেন তরুণী চিকিৎসকের মা, বাবা সহ পরিবারের সদস্যরা। ন্যায় বিচার ও সিবিআই-এর উপর চাপ সৃষ্টি করতে আন্দোলনই একমাত্র পথ বলে নির্যাতিতার বাবা সাংবাদিকদের জানান। ৯ই আগস্টে তরুণি চিকিৎসকের ধর্ষণ ও খুনের মামলায় অভিযুক্তরা যে জামিন পেয়ে যাবেন , সেটা অনুমান করেই সুপ্রিম কোর্টে তাদের আইনজীবী বৃন্দা গ্রোভার মামলা ছেড়ে দিয়েছেন বলে তাঁর দাবি।

(বাইট-অভয়ার বাবা)

এদিকে, ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট-ISF, ন্যায় বিচারের দাবীতে আজ CBI দপ্তর অভিযানের ডাক দিয়েছে।

**************************

আজ বিজয় দিবস। ১৯৭১ সালে পাক বাহিনীকে পর্যুদস্ত করাকে স্মরণ করে দিনটি উদ্‌যাপিত হয়। মুক্তিযুদ্ধের ৫৩-তম বছরে ৮ জন বীর মুক্তিযোদ্ধা ও বাংলাদেশ সশস্ত্র বাহিনীর দুজন কর্মরত আধিকারিক কলকাতায় বিজয় দিবস উদযাপনে অংশ নিতে ভারতের উদ্দেশ্যে রওনা হয়েছেন। এদিকে ভারতের ৪ জন বীর সৈনিক ও সশস্ত্র বাহিনীর দুই আধিকারিক ঢাকায় পৌঁছেছেন বিজয় দিবস অনুষ্ঠানে অংশ নিতে। ভারতীয় সেনার ইস্টার্ন কম্যান্ডের সদর দপ্তর কলকাতার ফোর্ট উইলিয়ামে চলছে বিজয় দিবস উদ্‌যাপনের প্রস্তুতি।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অনুষ্ঠানে যোগ দিতে পারেন বলে জানা গেছে। থাকবেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস'ও।

*************************

রাজ্য ক্যাডারের অন্যতম প্রাক্তন সচিব সৌরভ দাস প্রয়াত। ১৯৮৬ ব্যাচের এই প্রাক্তন আমলা বামফ্রন্ট ও তৃণমূল কংগ্রেসের সরকার পর্যন্ত সকলের আস্থা অর্জন করেছিলেন। দীর্ঘদিন সামলেছেন পঞ্চায়েত, গ্রামোন্নয়ন ও জনস্বাস্থ্য কারিগরি দফতর। ২০17 সালে অবসর গ্রহণের পর তাকে অফিসার অফ স্পেশাল ডিউটি পদে নিয়োগ করা হয়েছিল। পরে তিনি রাজ্য নির্বাচন কমিশনের দায়িত্বও পালন করেছেন।

প্রবীণ এই আমলার প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

*************************

পূর্ব মেদিনীপুরের কাঁথি সমবায় ব্যাংকের নির্বাচনে তৃণমূল কংগ্রেস জয়ী হয়েছে। ১০৮টি আসনের মধ্যে ১০১টি আসনেই জয়লাভ করেছে শাসক দল। বিজেপি পেয়েছে ৬টি আসন। ১টি আসনে জয় পেয়েছেন নির্দল প্রার্থী। রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস নেতা অখিল গিরি বলেছেন, মানুষ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর উপর আস্থা রেখেছেন।

সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী ভোটগ্রহণ প্রক্রিয়া সম্পূর্ণ করতে গতকাল কঠোর নিরাপত্তার ব্যবস্থা করা হয়। কাঁথি ১, ২, ৩, ৪ ও এগরার কেন্দ্রগুলিতে মোতায়েন করা হয় আধা সামরিক বাহিনী। যদিও ভোটগ্রহণকে কেন্দ্র করে দিনভর উত্তেজনাপূর্ণ পরিস্থিতি ছিল। রামনগরে বিজেপি ও তৃণমূলের কর্মীসমর্থকদের মধ্যে হাতাহাতির খবর পাওয়া যায়। বিরোধী ভোটারদের ভোটার স্লিপ ছিঁড়ে দেওয়ার অভিযোগ ওঠে শাসকদলের বিরুদ্ধে। প্রতিবাদে বিজেপি কর্মীরা রাস্তা অবরোধ করেন। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

*************************

পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে বেড়াতে যাওয়ার পথে সড়ক দুর্ঘটনায় উত্তর ২৪ পরগণার বরানগরের সাত পর্যটক গুরুতর জখম হয়েছেন। বাঁকুড়ার ওন্দা থানার ভেদুয়াশোল মোড়ের কাছে ৬০ নম্বর জাতীয় সড়কের ওপর গতকাল এই দুর্ঘটনা

ঘটে। জানা গেছে, একটি ট্রাভেলার গাড়িতে বরানগরের বাসিন্দা জনা ২৬ পর্যটক অযোধ্যা পাহাড় বেড়াতে যাচ্ছিলেন।

এদিকে, কোটশিলায় বাসের ধাক্কায় দুই মোটর সাইকেল আরোহী প্রাণ হারিয়েছেন। জাবরগড়ার কাছে গতসন্ধ্যায় এই দুর্ঘটনা ঘটে। নিহত পুরুষ ও মহিলার পরিচয় জানা যায়নি।

************************

বাংলা, মহিলাদের অনূর্ধ্ব ১৫ একদিনের ক্রিকেটের ফাইনালে উঠেছে। জয়পুরে আজ সেমিফাইনালে বাংলা ৩১ রানে রাজস্থানকে হারিয়ে দিয়েছে।

আগামীকাল (মঙ্গলবার) ফাইনালে বাংলা, পাঞ্জাবের বিরুদ্ধে খেলবে। সংক্ষিপ্ত স্কোর বাংলা পাঁচ উইকেটে ১৯০, তোরিয়া সিংহ রায় ৬৫, সন্দীপ্তা পাত্র ৪৫। রাজস্থান ১৫৯।

************************

শতাব্দী প্রাচীন ১২৬-তম বেটন কাপ আগামী বছরের ৮ই ফেব্রুয়ারি কলকাতায় শুরু হতে চলেছে। প্রতিযোগিতা চলবে ১৫ তারিখ পর্যন্ত। সল্টলেকে নতুনভাবে তৈরি আন্তর্জাতিক মানের অ্যাস্ট্রোটার্ফে খেলাগুলি হবে। গতকাল বেঙ্গল হকি সংস্থার তরফে এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানানো হয়।

উপস্থিত ছিলেন বেঙ্গল হকির সভাপতি ও মন্ত্রী সুজিত বসু এবং সাধারণ সম্পাদক ইস্তিয়াক আহমেদ। একটি বিদেশি হকি দলকে এই প্রতিযোগিতায় যোগদানের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে।

এদিকে গতকাল থেকে বেঙ্গল স্টেট হকি চ্যাম্পিয়নশিপে সাব জুনিয়র, জুনিয়র ও সিনিয়র বালক ও বালিকা হকি প্রতিযোগিতা শুরু হয়েছে।

*****************************************************************